**সময়** মাল্টিপারপাস কো-অপারিটিভ সোসাইটি লিঃ এর সম্মানিত সদস্যবৃন্দ, কার্যকরি পর্ষদের পরিচালকবৃন্দ এবং সম্মানিত সভাপতি, আসসালামু আলাইকুম।

সভার শুরতে মহান আল্লাহতালার নিকট শুকরিয়া জ্ঞাপন করছি এবং সম্মানিত সকল সদস্যকে কার্যনির্ববাহী পর্ষদের পক্ষ থেকে ৩য় বার্ষিক সাধারন সভায় উপস্থিত হওয়ার জন্য আন্তরিক অভিনন্দন ওশুভেচছা জানাচ্ছি । আশাকরি মহান আল্লাহতালার অশেষ রহমতে পরিবারের সবাইকে নিয়ে ভালো আছেন এবং থাকবেন।

মহান আল্লাহতালার অশেষ রহমত ও আপনাদের সার্বিক সহযোগিতায় **সময়** মাল্টিপারপাস কো-অপারিটিভ সোসাইটি লিঃ কে আজ আমরা ৩য় বর্ষে উপনীত করতে পেরে আপনাদের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি।একই সাথে গত বার্ষিক সাধারণ সভাটি আয়োজন করতে না পারার জন্য আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা করছি।

আজ আপনাদের সুচিন্তিত মতামত এবং আমাদের বিগত দিনের কার্যক্রম বিচার বিশেশন কওে আমরা আমাদের আগামী দিনের কর্ম পরিকল্পনা নির্ধারণ করবো। আশাকরি আপনাদের মূল্যবান মতামত এবং পরামর্শ আমাদেরকে আগামী দিনে সঠিক পথে চলতে সাহায্য করবে।

## **সময়** এর জন্ম কথা (গঠন প্রক্রিয়া)

বিগত ২০১০ সালের জানুয়ারী মাসে অফিসের কর্ম-ব্যস্ততার অবসরে আমরা কয়েকজন বন্ধু যে সময়টুকু আড্ডা ও গল্প করে ব্যয় করতাম সে সময়টুকু কে অর্থবহ ও মহত উদ্দেশ্যে ব্যয় করার জন্য অনেকটা গল্পের ছলে আলোচনাকরি যে ,আমাদেও এমন কিছু করা উচিৎ যা আমাদেও পরিবার, সমাজ, বন্ধু- সহকর্মী, সর্বপরি ভবিষ্যৎ প্রজন্মেও জন্য মঙ্গলজনক হবে। এই উদ্দেশ্যকে সামনে রেখে আমরা প্রায় প্রতিদিনই নিজেদেও মধ্যে আলাপ-আলোচনা করতে থাকি। পরবর্তীতে আমরা আরো কয়েকজন উদ্যেমী, শিক্ষিত, ভদ্র, এবং সমাজের প্রতি দায়বদ্ধ বন্ধুদের সাথে আলোচনার মাধ্যমে একটি আর্থিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য সিদ্ধান্ত নেই। তারই ফলশ্রুতিতে গঠিত হয় আমাদেও প্রাণ প্রিয় আর্থিক সংঘঠন " সময়"। আমি ধন্যবাদ জানাচ্ছি সেই নিবেদিত প্রাণ ব্যক্তিদের যারা "সময়" প্রতিষ্ঠার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছেন। আমি আরও ধন্যবাদ জানাচ্ছি সকল সদস্য/ সদস্যাদেও যারা আমাদেও প্রতি বিশ্বাস এবং " সময়" এর কর্ম-পরিকল্পনার প্রতি আস্থা রেখে আমাদেও পথ চলার সাথী হয়েছেন। আশাকরি আগামী দিন গুলোতে আপনাদেও আস্থা এবং সার্বিক সহযোগিতা আমাদেও পাশে থাকবে।

## **সময়** এর লক্ষ্য ও উদ্দেশ্য

আগেই উল্লেখ করেছি, সমাজ এবং রাষ্টের প্রতি পূর্ন দ্বায়বদ্ধতা রেখেই নিম্নক্ত কাজ সম্পাদন করা।

১. স্বল্প খরচে সকল সদস্যদেও জন্য আবাসন ব্যবস্থা করা

২. সকল সদস্যদের মাঝে ভেজাল মুক্ত খাদ্যদ্রব্য মধ্যে সরবরাহ করা।
৩. নতুন প্রজন্মের প্রতি দায়বদ্ধতার ভিত্তিতে আধুনিক, বিজ্ঞান ভিত্তিক এবং ধর্মীয় অনুশাসনের মাধ্যমে সমাজ গঠন।
৪. অবসরাকালিন সময়ে সকল সদস্য/ সদস্যার শারিরীক এবং মানষিক স্বাস্থ সেবা নিশ্চিত করা।
৫. অবসরকালিন পেনশন সেবা চালু করা।

## **সময়** সদস্য সংখ্যা

সমিতির গঠনতন্ত্র এবং সম্মানিত কার্যকরী পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক **সময়** মাল্টিপারপাস কো-অপারিটিভ সোসাইটি লিঃ ১০০ জন সদস্য নিয়ে যাত্রা শুরু করে কিন্ত আমানত এবং প্রকল্প ফি বকেয়া থাকার জন্য সমিতির গঠনতন্ত্র অনুযায়ী ও কার্যকরী পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক কিছু সদস্য বাতিল করতে বাধ্য হই এবং আরও অনেক সদস্য বাতিল হওয়ার পথে। বর্তমানে মোট সদস্য সংখ্যা ৮৭ জন রয়েছে।

## **সময়** শেয়ার মূলধণ

সমিতির শেয়ার মূলধন (অনুমোদিত শেয়ার) ১,০০,০০,০০০/= (এক কোটি)টাকা। যার মোট শেয়ার সংখ্যা-১(এক) লক্ষ টি এবং প্রতিটি শেয়ারের মূল্য-১০০ টাকা। পরিশোধিত মূলধন ২৬,১০০/= (ছাব্বিশ হাজার এক শত) টাকা। ইস্যুকৃত শেয়ার মূলধনের ৩,৯০০/= (তিন হাজার নয় শত) টাকা অনাদায়ী রয়েছে।

[বিস্তারিত আর্থিক পতিবেদন এ।]

## **সময়** আমানত ও চাঁদা

৩০শে জুন ২০১২ইং পর্যন্ত সঞ্চয় আমানত বাবদ ১৭,১২,০০০/= (সতের লক্ষ বার হাজার) টাকা এবং চাঁদা বাবদ ৮৫,৬০০/=(পঁচাশি হাজার ছয় শত ) টাকা আদায় হয়েছে এবং উক্ত তারিখ পর্যন্ত আমানত বাবদ ৮,৯৮,০০০/= (আট লক্ষ আটানব্বই হাজার) টাকা এবং চাঁদা বাবদ ৪৪,৯০০/=(চুয়ালিশ হাজার নয় শত) টাকা বকেয়া রয়েছে।

[বিস্তারিত আর্থিক পতিবেদন এ।]

## **সময়** প্রকল্প ফি

আবাসিক প্রকল্প তহবিলে ৩০শে জুন ২০১২ইং পর্যন্ত মোট ৬০,৭৪,৮০০/=(ষাট লক্ষ চুয়াত্তর হাজার আট শত) টাকা আদায় হয়েছে এবং আরো ৬৯,৭৫,২০০/=(ঊনসত্তর লক্ষ পঁচাত্তর

হাজার দুই শত) টাকা বকেয়া রয়েছে। প্রকল্প তহবিলের  বকেয়া কিস্তির টাকা পরিশোধের জন্য সদস্যদের প্রতি অনুরোধ জানাচ্ছি।

## **সময়** আবাসিক প্রকল্প

আপনারা জেনে খুশি হবেন যে **সময়** তার  আবাসিক প্রকল্পের আওতায় সাভার থানার অর্ন্তগত বিরুলিয়া এলাকার সামাইর মৌজায় ৩৬ শতাংশ জমি ক্রয় করতে সক্ষম হয়েছে। তবে এই জমি ক্রয় প্রসঙ্গে কিছু না বললেই নয়। আমরা যখন আমাদের আবাসিক প্রকল্পের আওতায় জমি ক্রয়ের উদ্দেশ্যে হন্নে হয়েঢাকা ও ঢাকার আশে- পাশের বিভিন্ন স্থানে ছুটাছুটি করছি ঠিক তখনই আমাদের অর্থ সম্পাদক সাহেব আমাদেরকে জানালেন যে তার এক সহকর্মী সাভার থানার অন্তগত বিরুলিয়ায় কিছু জমি বিক্রয় করবেন এবং আমরা ইচ্ছা করলে জমিটি দেখেতে পারি। আমরা তখন সত্যিই খুব ক্লান্ত ছিলাম কারণ এই অল্প টাকার বিনিময়ে বেশী জমি ক্রয় করা যেমন অসম্ভব ছিলো তেমনি নির্ভেজাল, জামেলামুক্ত ও ভালো মালিক পাওয়াও সহজ ছিল না। দুরত্ব, লোকেশন, জমির মালিক, জমির অবস্থান ইত্যাদি বিবেচনা করে আমরা সর্বসম্মতিভাবে এই জমি ক্রয় করতে সিদ্ধান্ত নেই। এবং এক বছর সময় নিয়ে জমির প্রয়োজনীয় কাগজপত্র যাচাই বাছাই করি যা মুলত আমরা ফান্ড কালেকশনের পিছনে ব্যয় করি। আবশেষে ২০১২ সালের মার্চ মাসে আমরা জমির মোট মূল্য ১কোটি ৪ লক্ষ টাকার মধ্যে মাত্র ৩২ লক্ষ টাকা পরিশোধ করে (অবশিষ্ট ৭২ লক্ষ টাকা বাকী রেখে) জমির মালিকের সহিত জমি ক্রয় এবং সাবকবলা রেজিষ্ট্রি করতে সমর্থ হই যা এই সময়ে বিরল ঘটনা। বাকি টাকা আমরা ৯ মাসের কিস্তিতে পরিশোধ করি যদিও চুক্তি মোতাবেক ৩ মাসের মধ্যে আমাদের সম্পূর্ন টাকা পরিশোাধ করার কথা ছিল কিন্ত আমরা ফান্ড স্বলতার জন্য ব্যর্থ হই। এ ক্ষেত্রে আমি জমির মালিক এ কে এম  দেলওয়ার হোসেন সাহেব,মিসেস নাছিমা দেলওয়ার ও তাদের ছেলে জনাব সাজ্জাদ কাদির এবং আমাদের অর্থ সম্পাদক জনাব আব্দুর রকিব মিজানের কাছে চির কৃতজ্ঞ। তাদের সহযোগিতা এবং বদান্যতা ছাড়া এই জমি আমাদের পক্ষে কোন দিনও ক্রয় করা সম্ভব হতো না। আমি কৃতজ্ঞতা জানাই আমাদের কার্যকরি পর্ষদের সম্মানিত সদস্য জনাব আবুল কালাম, নুর মোহাম্মদ সঞ্জিব, রনি ও সহ-সভাপতি জনাব  তারেক সাহেব কে। যাদের অক্লান্ত পরিশ্রমের ফলেই এই সময়ের মধ্যে ফান্ড সংগ্রহ করতে আমরা সক্ষম হয়েছি।

বর্তমানে আমাদের ক্রয়কৃত জমির পাশে আরো ৮শতাংশ জমি ক্রয়ের উদ্দেশ্যে বায়না করতে সক্ষম হয়েছি । আপনাদের অর্থনৈতিক সহযোগিতা পেলে অল্প কয়েকদিনের মধ্যে উক্ত জমিটি সাবকবলা রেজিষ্ট্রি করতে সক্ষম হবো। সেক্ষেত্রে অমাদের ক্রয়কৃত মোট জমির পরিমাণ হবে ৪৪ শতাংশ।

এখানে একটি তথ্য সকল সদস্যের অবগতির জন্য জানানো প্রয়োজন বলে আমি মনেকরি । অমাদেও সমিতির সকল সম্পদ সময়ের নিজ নামে এবং তার পক্ষে সভাপতি, সাধারণ সম্পাদক, ও অর্থ সম্পাদক তিনজনের যৌথ নামে সাবকবলা রেজিষ্ট্রিকৃত।

## **সময়** জমির লোকেশণ:

মিরপুর বেড়ীবাধ হতে জমির দুরত্ব মাত্র ৭০০ মিটার যদিও ব্রিজটি অসম্পূর্ন থাকায় বর্তমানে সরাসরি গাড়ি নিয়ে যাওয়া সম্ভব নয়। কিন্ত ব্রিজটির কাজ সম্পূর্ন হলে মিরপুর ১ নম্বর হতে ৩০ মিনিট, মিরপুর ১০ নম্বর হতে ২৫ মিনিট এবং উত্তরা হতে মাত্র ৩০ মিনিটের দুরত্ব। যা এখন পর্যন্ত সত্যিই খুব নিরিবিলি এবং সবুজে ঘেরা। আমাদের জমির ২ কি:মি: মধ্যেই ব্রাক ইউনিভারসিটি, গ্রীন ইউনিভারসিটি এবং আশুলিয়া মডেল টাউন অবস্থিত। আশাকরি আপনাদের জমির লোকেশন ভালো লাগবে।

## **সময়** বকেয়া আদায় প্রসঙ্গে

অত্যান্ত পরিতাপের বিষয় আমাদের অনেক সদস্যই নিয়মিত আমানত,প্রকল্প ফি এবং চাঁদা পরিশোধ করছেন না যার ফলে মোট বকেয়ার পরিমাণ ৭৯,১৮,১০০/=(উনাশি লক্ষ আঠার হাজার এক শত ) টাকা (যেখানে আমানত ৮,৯৮০০০/= টাকা প্রকল্প ফি ৬৯,৭৫,২০০/= টাকা এবং চাঁদা ৪৪,৯০০/= টাকা বকেয়া রয়েছে)। যা সমিতির নিয়মিত উন্নয়ন কাজে ব্যাপক প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। আমাদের মধ্যে এমন কিছু সদস্য আছে যারা এই পর্যন্ত কোন প্রকল্প ফি পরিশোধ করেননি । আমরা আশা করি আজকের এই সমাবেশের মাধ্যমে আমরা এই সিদ্ধান্তে উপনিত হব যে বিগত দিনের বকেয়া পরিশোধ করে নিয়মিত উন্নয়ন কাজে সহযোগিতা করবো অন্যথায় সমিতির গঠনতন্ত্র এবং আজকের সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক আমরা সদস্যপদ বাতিলে বাধ্য হবো। এই সভা শেষে এক মাসের মধ্যে জরিমানাসহ বকেয়া পরিশোধ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল।

## **সময়** জমা খরচ হিসাব

১লা জানুয়ারী ২০১০ইং থেকে ৩০শে জুন ২০১২ পর্যন্ত মোট জমা ৭৬,০১,১৬১/=(ছিয়াত্তর লক্ষ এক হাজার এক শত একষাট্টি) টাকা এবং মোট খরচ ৭৩,০৬,৫৬১/=(তিহাত্তর লক্ষ ছয় হাজার পাঁচ শত একষাট্টি) টাকা । মোট উদ্ধত্ত ২,৯৪,৬০০/=( দুই লক্ষ চুরানব্বই হাজার ছয় শত)টাকা তন্মধ্যে ব্যাংক জমা ২,৭৭,৯৭২/= ( দুই লক্ষ সাতাত্তর হাজার ছয় শত) টাকা এবং হস্ত মজুদ ১৬,৬২৮/= ( ষোল হাজার ছয় শত আটাশ ) টাকা।

[বিস্তারিত আর্থিক পতিবেদন এ।]

## **সময়** ব্যাংক হিসাব

সমিতির নামে ইসলামী ব্যাংক বাংরাদেশ লিঃ মিরপুর -১ নং শাখায় ১টি সঞ্চয়ী হিসাব রয়েছে।যাসমিতির সভাপতি, সম্পাদক এবং অর্থ সম্পাদকের যৌথ স্বাক্ষওে পরিচালিত হয়।

## **সময়** অডিট রিপোট

জেলা সমবায় অফিস কর্তৃক অডিট গত ৩০/০৬/২০১২ইং পর্যন্ত সম্পন্ন হয়েছে। উক্ত অডিট রিপোর্ট সময়ের অফিসে সংরক্ষিত রয়েছে। এছাড়াও কার্যকারি পর্ষদের মধ্য থেকে তিন সদস্য বিশিষ্ট অডিট কমিটি গঠন করে আভ্যন্তরিন অডিট কার্য সম্পাদন করা হয়েছে।

## **সময়** সদস্যপদ হস্তান্তর ফি

বিগত অর্থ বছরে সদস্য হস্তন্তর বাবদ কোন ফি ধার্য ছিল না। হস্থান্তর ফি সমিতির জন্য একটি লাভ জনক খাত তাই হস্তান্তর ফি বাবদ ১০% নির্ধারনের জন্য অনুরোধ জানাচ্ছি। যেহেতু আমাদের সম্পদের মূল্য ক্রয়কৃত মূল্যের প্রায় ১.৫ গুন হয়েছে এই হস্থান্তর ফি যৌক্তিক বলে মনে করি।

## **সময়** ভবিষ্যত পরিকল্পনা (প্রস্তাবিত)

**নামমাত্র মূল্যে আবাসন:** আনুমানিক আগামী পাঁচ বছর পর আমরা ফ্লাট এর কাজ শুরু করবো। বর্তমান বাজার দর অনুযায়ী আগামী পাঁচ বছর পর আমাদের জমির লোকেশণ এ প্রতিটি ১০০০ বর্গফুট ফ্লাট এর মূল্য হবে আনুমানিক ৩৫ হতে ৪০ লক্ষ টাকা। সেই ক্ষেত্রে যদি **সময়** নিজেই এই প্রকল্পটি **সময়** এর ডেভোলপতেন্ট প্রকল্পের আওতায় করা হয় তাহলে প্রতিটি ফ্লাট এর দাম নেমে আসবে ২০ হতে ২৫ লক্ষ টাকার মধ্যে।

এখানে উল্লেখ্য যে আমাদেও জমির আশেপাশে আরও প্রায় ৪৩ শতাংশ ক্রয়যোগ্য জমি আছে এবং আমরা আশাকরি সবার সহযোগিতা থাকলে এই জমিগুলো ক্রয় করা সম্ভব হবে। আর যদি আমরা আশেপাশের জমিগুলো ক্রয় করতে পারি তাহলে বানিজ্যিক উদ্দেশ্যে এই জমির উপর ফ্লাট তৈরী করে বিক্রি করতে পারি তাহলে বাস্থবিক ই কোন সদস্যকে ফ্লাট এর জন্য আর কোন বাড়তি অর্থ প্রদান করতে হবে না। অর্থাত বিক্রয়যোগ্য ফ্লাট হতেই এই আবাসন (ফ্লাট) এর কার্যক্রম চালানো সম্ভব, এই ক্ষেত্রে সকল সদস্য বাড়তি কিছু লভ্যাংশ পাবে ইনশাহল্লাহ।.

**ডেইরী ফার্ম:** বর্তমান ক্রয়কৃত ৩৬ শতাংশ জমি অব্যবহারীত অবস্থায় পড়ে আছে। যেহেতু আমাদের সবার পরিবারে কম বেশী খাটি দুধের চাহিদা রয়েছে তাই আমরা এই জমির উপর পাঁচ বছর মেয়াদী পরিকল্পনার ভিত্তিতে একটি দুদ্ধ খামার প্রতিষ্ঠা করতে পারি যা আমাদেও সবার পরিবারে খাটি দুধের চাহিদা পুরণ করার পাশাপাশি সময় ব্যাবসায়িকভাবে লাভবান হবে।

আমরা এই প্রকল্পটি সদস্যদের মাঝে শেয়ার বিক্রির মাধ্যমে মূলধন সংগ্রহের প্রস্থাব করছি। প্রতিটি শেয়ারের দাম হবে ১০০০ টাকা হারে. একজন সর্বচ্চো সংখ্যক ৫০ শেয়ার গ্রহন করতে পারবেন এবং সময় তার নিজস্ব তহবিল থেকে ২০% শেয়ার ক্রয় করবে।

**হাইটেক প্রজেক্ট (High Tech, Software & Communication):** যেহেতু আমাদের এই সংঘটনের প্রায় ৬৫% সদস্য কোন না কোন ভাবে হাইটেক প্রকল্পের সাথে জরিত তাই ভবিষ্যতে এই ধরনের প্রজেক্ট করার ইচ্ছ পোষণ করি যার বিস্তারিত আপনাদের পরে জানানো হবে।

আপানাদের সদয় অবগতির জন্য জানাচ্ছি যে আপনাদের ব্যক্তিগত এবং সময়ের আপডেড তথ্যের জন্য সময় একটি ওয়েভ সাইট চালু করতে যাচ্ছে, যেখানে আপনি আপনাদের আমানত, প্রকল্প ফি এবং সময়ের গুরুত্বপূন তথ্য থাকবে। যার ঠিকানা হলো: **www.shomoy.org**,

আপনাদের **user id** এবং **password, SMS** এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। (প্রয়োজনে কল করুন: ০১৫৩৪৩১৬১৮৩)

সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দ, একটি সমিতির মূল চালিকা শক্তি হলো এর সঠিক পরিকল্পনা, শক্ত সংগঠন ভিত্তি এবং সদস্যদের কাছ থেকে প্রাপ্ত তহবিল। কিন্তু অত্যান্ত বিনয়েরে এবং লজ্জার সাথে বলতে বাধ্য হচ্ছি কোন কোন সদস্যদের অনিয়মিত প্রকল্প ফি এবং চাদার জন্য আমাদের প্রকল্পের কাজে ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। যা কোন ভাবেই মেনে নেওয়া যায় না। আশাকরি আপনারা এই বিষয়ে আরও বেশী আন্তরিক হবেন।

অনেক চড়াই উৎরাই পার হয়ে **সময়** আজ ৩য় বর্ষে পদার্পন করছে। এই দীর্ঘ পথ চলায় সময় পরিচালক পর্যদে আমাকে সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করতে হয়েছে। আমি আমার পরিচালক পর্যদের সকল সম্মানিত সদস্যদের নিয়ে সংগঠনকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে চেষ্ঠা করেছি। এই দীর্ঘ সময়ে আমাদের কিছু সফলতা থাকলেও আপনাদের অনেক স্বপ্নই পূরণ করতে পারিনি। সে জন্য আপনাদেও নিকট দুঃখ এবং ক্ষমা প্রার্থনা করছি।

প্রতিষ্ঠাকালীন থেকে আজ পর্যন্ত এই দীর্ঘ সময় আমি সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করছি। উক্ত দায়িত্ব পালনকালীন সময়ে যদি আপনাদেও কোন প্রকার দু:খ বা মনে কষ্ট দিয়ে থাকি তাহলে সবার নিকট দু:খ প্রকাশের পাশাপাশি ক্ষমা প্রার্থনা করছি।

এই দীর্ঘ সময়ে আপনাদেও সার্বিক সহযোগিতার জন্য জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। আমি বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি সমিতির উদ্যোক্তা ও কমিটির সকল সম্মানিত পরিচালকবৃন্দকে যাদের সহযোগিতা ও ভালবাসার কারণে আমি আমার দায়িত্ব সহজভাবে পালন করতে পেরেছি।

সর্বশেষে সাধারণ সভা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে জান্নাচ্ছি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। কৃতজ্ঞতা জানাচ্ছি সম্মানিত সভাপতি এবং কার্যকরি পর্ষদের সবাইকে। ভালো থাকবেন।

আল্লাহ হাফেজ

ম্যানেজিক কমিটির পক্ষে

মো: লোকমান

সম্পাদক

**সময়** মাল্টিপারপাস কো-অপারিটিভ সোসাইটি লি: